



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।

সংশোধিত

বিজ্ঞপ্তি নং -৪৭/নসক/২০১৭

তারিখ : ০৯/০৫/২০১৭ ইং

২০১৭-১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তিইচ্ছুদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আন্তর্জাতিক শিক্ষাবোর্ড কর্তৃক প্রকাশিত একাদশ শ্রেণীর ভর্তি নীতিমালা-২০১৭ পরিপত্রের আলোকে অত্র কলেজে নিম্নলিখিত শর্তাধীনে ভর্তির জন্য www.xiclassadmission.gov.bd ওয়েব সাইটের মাধ্যমে আবেদন পূরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নির্ধারিত সময়ের মধ্যে আবেদন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া হলো।

১। আবেদন করার যোগ্যতা ও কলেজের আসন সংখ্যাঃ

(ক) ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালে এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ নিম্নলিখিত জি.পি.এ প্রাপ্ত শিক্ষার্থীরা ওয়েব সাইটের মাধ্যমে আবেদন করতে পারবে।

(খ) শাখাওয়ারী জি.পি.এ এর হার

(i) বিজ্ঞান শাখা-৫.০০

(ii) মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা-৪.০০

(গ) আসন সংখ্যা : বিজ্ঞান-৫০০ টি, মানবিক-৪২৫ টি ও ব্যবসায় শিক্ষা শাখা--৪২৫টি

২। www.xiclassadmission.gov.bd সাইটে আবেদন করার তারিখ : ০৯/০৫/১৭ ইং তারিখ হতে ২৬/০৫/২০১৭ ইং তারিখ রাত ১১:৫৯ মিনিট এর মধ্যে আবেদন করতে হবে।

৩। আবেদন করার পদ্ধতিঃ (আবেদন ফরম ৩টি ধাপে সম্পন্ন হবে)

১ম ধাপঃ অন-লাইনে আবেদনের পূর্বে শিক্ষার্থীকে শুধুমাত্র টেলিটকের মোবাইল (প্রি-পেইড) ব্যবহার করে অন-লাইনের আবেদন ফি SMS এর মাধ্যমে প্রদান করতে হবে। CAD <space> WEB <space> Board <space> Roll <space> Year <space> Reg.No. লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে। ফিরতি SMSএ আবেদনকারীর নাম, শিক্ষা বোর্ড, পাসের সন এবং রোল নম্বরসহ আবেদন ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) কেটে নেয়া হবে তা জানিয়ে একটি PIN কোর্ড প্রদান করা হবে। এটি পরবর্তীতে কলেজ ফরম পূরণের সময় ব্যবহার করতে হবে।

২য় ধাপঃ ফি প্রদানেসম্মত থাকলে Message অপসন (Option) এ যেয়ে CAD <space> Yes <space> PIN <space> Contact Mobile Number (বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধনকৃত মোবাইল নম্বর) লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে। ফি সঠিকভাবে জমা হলে প্রার্থীর মোবাইলে নিশ্চিতকরণের একটি Transaction ID সহ SMS যাবে।

৩য় ধাপঃ www.xiclassadmission.gov.bd সাইটে প্রবেশ করে Apply Online এ Click করতে হবে। এর পর প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, বোর্ড ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। তথ্য সঠিক হলে শিক্ষার্থী তার ব্যক্তিগত তথ্য দেখতে পাবে এবং সেখানে তার নিজের/অভিভাবকের ব্যবহৃত যে কোন বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধনকৃত মোবাইল নম্বর এবং কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) দিতে হবে। এই মোবাইল নম্বরের মাধ্যমে বিভিন্ন সময়ে প্রার্থীকে SMS প্রেরণ করা হবে বিধায়-নম্বরটি নিশ্চিত হওয়ার জন্য ২ বার এন্ট্রি দিতে হবে। অতঃপর তাকে ভর্তিইচ্ছু শিক্ষা প্রতিষ্ঠান, গ্রুপ, শিফট এবং ভার্শন Select করতে হবে। এভাবে শিক্ষার্থী ইচ্ছানুযায়ী নির্দিষ্ট সংখ্যক কলেজে/মাদরাসায় (ভর্তিইচ্ছু কলেজ সম্পর্কে সম্পূর্ণ অবগত হয়ে সর্বোচ্চ ১০টি কলেজ) Select করতে পারবে। শেষে আবেদন ফরমটি অন-লাইনে Submit করা হলে আবেদনকারীর নাম, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর কলেজ/গ্রুপ/শিফট/ভার্শন কোটা ইত্যাদি তথ্যসহ একটি ফরম পাওয়া যাবে। আবেদনকারী চাইলে উক্ত ফরমটি Download করে প্রিন্ট (Print) নিতে পারবে। আবেদনটি সফলভাবে Submit করা হলে আবেদনকারী তার প্রদত্ত মোবাইলে একটি নিশ্চিতকরণ SMS পাবে।

৪। ফলাফল প্রকাশঃ ০৫/০৬/১৭ ইং তারিখে ফলাফল আন্তর্জাতিক শিক্ষাবোর্ড কর্তৃক নির্ধারিত ওয়েব সাইটে, রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে ও কলেজ ওয়েব সাইটে পাওয়া যাবে।

বি.দ্র.ঃ উল্লিখিত তারিখের মধ্যে ফলাফল পুনঃনির্ধারণের জন্য আবেদনকারী শিক্ষার্থীদেরও আবেদন করতে হবে। পুনঃনির্ধারণের মাধ্যমে ফলাফল পরিবর্তন হলে স্বয়ংক্রিয় ভাবে সংশোধিত হবে।

অধ্যক্ষ

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।